# চট্টগ্রাম বোর্ড-২০১৯

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** মি. আরিফ সাহেব তার নিজ দেশে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করলেন। মি. আরিফ সাহেবের মুনাফা দেখে তার কয়েকজন বন্ধু আরও কয়েকটি গার্মেন্টিস ফ্যাক্টরি স্থাপন করেন। তার এক বন্ধু লোকসানের কারণে ফ্যাক্টরি বন্ধ করে দিলেন। সরকার কোনো হস্তক্ষেপ করলো না। অপরদিকে মি. জামান সাহেব তার দেশে একটি নতুন কাগজকল স্থাপন করতে চাইল। কিন্তু সরকার অনুমতি দিল না। মি. জামান সাহেবের দেশে সকল কারখানা সরকার পরিচালনা করেন।

ক. ইসলামি অর্থব্যবস্থা কাকে বলে? ১

খ. "একটি দ্রব্য ভোগ করতে হলে আরেকটি দ্রব্য ত্যাগ করতে হয়"— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. মি. আরিফ সাহেবের দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান— ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. জামান সাহেবের দেশের অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থা সাদৃশ্যপূর্ণ কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** রাশিদা বেগম একজন সরকারি কর্মচারী। তিনি যে বেতন পান তা দিয়ে তার মাসিক ব্যয় মেটানোর পর অবশিষ্ট টাকা সঞ্চয় করেন। বাড়তি আয়ের উদ্দেশ্যে উক্ত টাকা দিয়ে তিনি ২০১৫ সালে একটি দুগ্ধখামার গড়ে তোলেন। খামার থেকে যে মুনাফা আসে তা দিয়ে ২০১৭ সালে এলাকার দুস্থ ও অসহায় বৃদ্ধদের বিনামূল্যে থাকা ও খাওয়ার জন্য একটি বৃদ্ধাশ্রম স্থাপন করেন। যা তার অনেক দিনের শখ ছিল।

ক. সম্পদ কাকে বলে? ১

খ. সঞ্চয় ও বিনিয়োগের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান— ব্যাখ্যা করো। ২

গ. ২০১৫ সালের রাশিদা বেগমের উদ্যোগটি অর্থনীতির কোন ধরনের কার্যাবলির সাথে সম্পর্কিত— ব্যাখ্যা করো। ৩

ঘ. রাশিদা বেগমের উভয় উদ্যোগের উদ্দেশ্য একই বলে তুমি মনে করো কি? বিশ্লেষণ করো। ৪

**৩.▶** কাঠমিস্ত্রী রতন কাঠ কিনে আসবাবপত্র তৈরি করে বিক্রি করেন। এতে তার সুনাম দ্রুত ছড়িয়ে পড়ে। ব্যবসায়ে লাভও হয়। তার দোকানে বর্তমানে পাঁচজন শ্রমিক কাজ করে। রতন মিস্ত্রীর দেখাদেখি আরও কয়েকটি দোকান গড়ে উঠেছে। তাদের সন্তানেরা নতুন করে স্কুলে যাওয়া শুরু করেছে।

ক. ভোগ কী? ১

খ. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়— ব্যাখ্যা করো। ২

https://teachingbd24.com

গ. রতনের কাজটিতে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. কাঠমিস্ত্রী রতনের কারখানাটি তার এলাকার আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে কি? তোমার অভিমত ব্যক্ত করো। ৪

৪.▶ রাসেল সাহেব রাজশাহীর গোপালভোগ আম পছন্দ করেন। নিচে গোপালভোগ আমের দাম ও চাহিদার পরিমাণ সূচির মাধ্যমে দেওয়া হলো:

| আমের দাম (টাকায়) | আমের চাহিদা (কেজিতে) |
|---|---|
| ১০০ | ১০ |
| ৮০ | ১২ |
| ৬০ | ১৪ |
| ৪০ | ১৬ |

ক. ভারসাম্য দাম কাকে বলে? ১

খ. যোগান রেখা ডানদিকে ঊর্ধ্বগামী হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উপরিউক্ত সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন করো। ৩

ঘ. রাসেল সাহেবের আয় বেড়ে গেলে চাহিদা বিধিটির ব্যতিক্রম ঘটার সম্ভাবনা আছে কি? মতামত দাও। ৪

৫.▶ নাজমা বেগম পেঁপে কিনতে গিয়ে দেখেন বাজারে অসংখ্য পেঁপে বিক্রেতা পেঁপে বিক্রি করছে এবং ক্রেতাও অনেক। এখানে ক্রেতা ও বিক্রেতা বাজার সম্পর্কে পূর্ণ ধারণা রাখে এবং তাদের মধ্যে দর কষাকষিও চলে। তিনি পেঁপের সাথে তরমুজ ক্রয় করতে চাইলেন। কিন্তু তরমুজ কিনতে গিয়ে তিনি দেখলেন যে অল্প কয়েকজন বিক্রেতা তরমুজ বিক্রি করছে বিধায় তারা দামের উপর যথেষ্ট প্রভাব খাটাচ্ছে।


ক. শিল্প কাকে বলে? ১

খ. শাক-সবজির বাজার অতি স্বল্পকালীন বাজার কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের পেঁপের বাজারটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের তরমুজের বাজারটি কোন ধরনের? তুমি কি মনে করো উভয় বাজারে ক্রেতা সমানভাবে উপকৃত হবে? মতামত দাও। ৪

৬.▶




https://teachingbd24.com

ক. উপযোগ কাকে বলে? ১

খ. চাহিদা রেখা ডানদিকে নিম্নগামী হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. চিত্রে ভারসাম্য বিন্দু কোনটি? ব্যাখ্যা করো। ৩

ঘ. দ্রব্যের দাম যখন সর্বোচ্চ ও সর্বনিম্ন তখন চাহিদা ও যোগানের অবস্থা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৭.▶ **দৃশ্যকল্প-১ :**

(১) জনগণকে ঋণ প্রদান করে না।

(২) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শদাতা।

**দৃশ্যকল্প-২ :**

(১) জনগণের অর্থ জমা রাখে।

(২) জনগণকে ঋণ প্রদান করে।

ক. বিনিময় প্রথা কী? ১

খ. পরিবহন ও যোগাযোগ কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যকল্প-১ এ বর্ণিত প্রতিষ্ঠানটির প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে দৃশ্যকল্প-২ এ বর্ণিত প্রতিষ্ঠানটির ভূমিকা গুরুত্বপূর্ণ— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৮.▶ কাউখালি উপজেলার রহিম ও করিম দুই ভাই। রহিম উচ্চশিক্ষার জন্য অস্ট্রেলিয়া চলে যায় এবং লেখাপড়া শেষ করে সেখানেই একটি প্রতিষ্ঠানে কর্মরত আছে। তিনি প্রতিমাসে পরিবারের ব্যয়ভার বহনের জন্য বিশ হাজার টাকা দেশে পাঠান। অপরদিকে তার ভাই করিম বি.এ পাস করে চাকরি না পেয়ে নিজেদের পাঁচ বিঘা জমিতে পেয়ারা বাগান গড়ে তোলে। তার বাগানে কাজ করে অনেকে জীবিকা নির্বাহ করছেন। তাছাড়া করিমের উৎপাদিত পেয়ারা স্থানীয় বাজারের চাহিদা মিটিয়ে ছড়িয়ে পড়ছে সমগ্র বাংলাদেশে।

ক. মাথাপিছু আয় কাকে বলে? ১

খ. বাংলাদেশকে উন্নয়নশীল দেশ বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. রহিমের উপার্জিত অর্থ অর্থনীতির কোন অবস্থাকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. করিমের কাজের ক্ষেত্রটি অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত? কর্মসংস্থানে উক্ত খাতের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯.▶ ফারুক সাহেব তার কৃষি জমিতে বছরে প্রায় ৫০ মন ধান উৎপাদন করতে পারেন। তার বড় ছেলে মনির অন্য কোনো কাজ না পেয়ে তার সাথেই ধান উৎপাদনের কাজে নিয়োজিত হয়। কিন্তু তাতে উৎপাদনের পরিমাণ একই থেকে যায়। তাই মনির যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে একটি মুরগির খামার স্থাপন করে। সে খামারে আরও পাঁচজন লোক নিয়োগ দেয়।

ক. ফার্ম কী? ১

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. মনিরের প্রথমদিকের বেকারত্বের প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. মনিরের পরবর্তী কার্যক্রমটি দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম— বিশ্লেষণ করো। ৪

১০.▶ রাজন নির্ধারিত দামের একটি দোকানে ঈদের পাঞ্জাবি কিনতে যায়। পাঞ্জাবির দাম দিতে গিয়ে তাকে পাঞ্জাবির গায়ে লেখা দামের চেয়ে বেশি দাম দিতে হয়। কারণ জানতে চাইলে বিক্রেতা তাকে বলেন, বাড়তি দামটি এক ধরনের কর। রাজনের বাবা একজন সরকারি চাকরিজীবী। রাজন বাসায় এসে বাবাকে সব ঘটনা বর্ণনা করলে বাবা বলেন, তিনিও সরকারকে কর দেন।

ক. বাজেট কাকে বলে? ১

খ. উন্নয়নশীল দেশগুলো ঘাটতি বাজেট প্রণয়নে গুরুত্ব দেয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. রাজন যে কর দেয় তার স্বরূপ ব্যাখ্যা করো। ৩

ঘ. রাজনের বাবা যে কর দেয় তা সরকারের আয়ের একটি গুরুত্বপূর্ণ উৎস— বিশ্লেষণ করো। ৪

১১.▶ পাঁচ বছর আগে সহায় সম্বলহীন সাবিনা একটি প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে গরুর খামার গড়ে তোলেন। বর্তমানে তার খামারে বিশটি গরু রয়েছে। গ্রামের অনেক নারী এই প্রতিষ্ঠানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। অন্যদিকে সাবিনার ভাই রমজান শহরের একটি প্রতিষ্ঠান থেকে ঋণ নিতে চাইলে ঐ প্রতিষ্ঠানে কর্মরত একজন ব্যক্তি বলেন, "আপনাকে ঋণ নিতে হলে জমির দলিল বা মূল্যবান সম্পদ গচ্ছিত রাখতে হবে।" পরবর্তীতে রমজান এই প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে একটি কারখানা তৈরি করেন। এই কারখানায় প্রায় ২০ জন শ্রমিক কাজ করে।

ক. কর রাজস্ব কাকে বলে? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে সকল ব্যাংকের অভিভাবক বলা হয় কেন? ২

গ. সাবিনা কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাবিনার ভাই যে প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছে সেটিই অর্থনীতির চাকা সচল রাখে। পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **Oikonomia শব্দটির অর্থ কী?**
ⓚ পরিবার পরিকল্পনা
ⓚ গৃহস্থালির ব্যবস্থাপনা
ⓖ সরকারি ব্যবস্থাপনা
ⓖ অর্থ ব্যবস্থাপনা


২. **মুদ্রাস্ফীতি কমলে কোনটি বাড়ে?**
ক) জিনিসপত্রের দাম　খ) বেকারত্ব
গ) অর্থের যোগান　ঘ) বিনিয়োগ

৩. **ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদন, ভোগ ও বণ্টন কিসের উপর নির্ভরশীল?**
ক) যোগানের　খ) চাহিদার
গ) দামের　ঘ) ভোক্তার

৪. **অর্থনীতিতে সম্পদের বৈশিষ্ট্য কয়টি?**
ক) ৩　খ) ৪
গ) ৫　ঘ) ৬

৫. **কখন ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধিটি কার্যকর হয়?**
ক) আয় বৃদ্ধির ফলে
খ) সঞ্চয় বৃদ্ধির ফলে
গ) লাভের একক বৃদ্ধির ফলে
ঘ) ভোগের একক বৃদ্ধির ফলে

**নিচের চিত্রটি লক্ষ করো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**



চাহিদা ও যোগানের পরিমাণ

৬. **চিত্রটি কী নির্দেশ করছে?**
ক) বাজার যোগান রেখা
খ) বাজার চাহিদা রেখা
গ) ভারসাম্য দাম ও পরিমাণ
ঘ) চাহিদা থেকে যোগান বেশি

৭. **'E' বিন্দুতে চাহিদা ও যোগান নির্দেশ করে—**
i. ভারসাম্য দাম ও পরিমাণ
ii. চাহিদা = যোগান
iii. উক্ত বিন্দুতে বাজারে স্বাভাবিক দাম থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

৮. **সুযোগ ব্যয় ধারণাটি সৃষ্টি হওয়ার কারণ—**
i. সম্পদের সীমাবদ্ধতা
ii. সময়ের সীমাবদ্ধতা
iii. শ্রমিকের সীমাবদ্ধতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৯. **S = ৭০০ টাকা, C = ৩৫০০ টাকা হলে, Y = কত?**
ক) ২৮০০ টাকা　খ) ৩২০০ টাকা
গ) ৪২০০ টাকা　ঘ) ৪৫০০ টাকা

১০. **অর্থনীতিতে উপযোগ সৃষ্টির প্রক্রিয়াকে কী বলে?**
ক) চাহিদা　খ) ভোগ
গ) বণ্টন　ঘ) উৎপাদন

১১. **লেখক বই লেখার সময় রাত্রি জাগরণ করতে গিয়ে ঘুম ও আরাম ত্যাগ করে। অর্থনীতির ভাষায় তাকে কী বলে?**
ক) আর্থিক ব্যয়　খ) অপ্রকাশ্য ব্যয়
গ) সামাজিক ব্যয়　ঘ) প্রকৃত উৎপাদন ব্যয়

১২. **বনের কাঠ কেটে আসবাবপত্র তৈরি কোন ধরনের উৎপাদন?**
ক) রূপগত　খ) স্থানগত
গ) সময়গত　ঘ) সেবাগত

১৩. **নিচের কোনটি জাতীয় বাজারের দ্রব্য?**
ক) মোটা চাল　খ) মাছ
গ) তুলা　ঘ) সোনা

১৪. **আমাদের দেশের প্রেক্ষিতে কোনটিকে একচেটিয়া বাজার বলা যায়?**
ক) শেয়ারবাজার　খ) চালের বাজার
গ) বিদ্যুতের বাজার　ঘ) কম্পিউটারের বাজার

১৫. **বাংলাদেশে স্বল্প সময়ে পূর্ণ প্রতিযোগিতার বাজার হলো—**
i. পাটের বাজার
ii. ঈদের সময় পশুর হাট
iii. খুচরা মাছের বাজার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. উৎপাদন পদ্ধতিতে GDP পরিমাপের জন্য অর্থনীতিকে মোট কয়টি প্রধান খাতে বিভক্ত করা হয়?

ⓚ ১৩ ⓚ ১৪
ⓖ ১৫ ⓖ ১৬

১৭. কোনটিকে ঋণের ভিত্তি হিসাবে গণ্য করা হয়?

(ক) চেক (খ) বিনিময় বিল
(গ) ভূমি (ঘ) অর্থ

১৮. 'নিকাশ ঘর' বলা হয় কোন ব্যাংককে?

(ক) কেন্দ্রীয় ব্যাংক (খ) কৃষি ব্যাংক
(গ) সমবায় ব্যাংক (ঘ) বাণিজ্যিক ব্যাংক

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

জামান সাহেব একটি ফ্যাক্টরির মালিক। তার ফ্যাক্টরিতে বাজার থেকে তুলা ক্রয় করে এনে প্রথমে সুতা তৈরি করা হয়। এরপর ঐ সুতা দ্বারা কাপড় ও শার্ট ও প্যান্ট বানানো হয় এবং প্রতিটি শার্ট ও প্যান্ট ২৫০০ টাকা দরে বিক্রি করা হয়।

১৯. জামান সাহেবের ফ্যাক্টরিতে তুলাকে কোন পর্যায়ের দ্রব্য বলা হয়?

(ক) প্রাথমিক (খ) মাধ্যমিক
(গ) কাঁচামাল (ঘ) চূড়ান্ত

২০. জিডিপি-তে বিবেচিত হবে না—

i. তুলার দাম
ii. সুতার দাম
iii. কাপড়ের দাম

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. সরকারের 'একটি বাড়ি, একটি খামার' প্রকল্পের অংশীদার কোন ব্যাংক?

(ক) গ্রামীণ ব্যাংক (খ) সমবায় ব্যাংক
(গ) কৃষি ব্যাংক (ঘ) ইসলামি ব্যাংক

২২. বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি কোন খাতের উন্নয়নের উপর বহুলাংশে নির্ভরশীল?

(ক) কৃষি (খ) শিল্প
(গ) সেবা (ঘ) ব্যবসা

২৩. বেসরকারি সংস্থা ব্র্যাক বাংলাদেশের কতটি বস্তিতে কাজ করে?

(ক) ৫০০ (খ) ১০০০
(গ) ১৫০০ (ঘ) ২০০০

২৪. কী কারণে মৌসুমি বেকারত্ব দেখা যায়?

(ক) অর্থনৈতিক (খ) প্রাকৃতিক
(গ) সামাজিক (ঘ) ব্যক্তিগত

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

হাসেম সাহেবের পোশাক শিল্পে পায় ১২০০ জন শ্রমিক কাজ করে। বিদেশ থেকে কাপড় ক্রয় করার জন্য তাকে প্রচুর অর্থ ব্যয় করতে হয়। ফলে শ্রমিকদের ন্যায্য মজুরি সময়মত দিতে না পারায় প্রায়ই শ্রমিক অসন্তোষ লেগে থাকে এবং এতে উৎপাদন ব্যাহত হয়।

২৫. হাসেম সাহেবের শিল্পটি কোন ধরনের?

(ক) ক্ষুদ্র (খ) কুটির
(গ) মাঝারি (ঘ) বৃহৎ

২৬. হাসেম সাহেবের পোশাক শিল্পের উন্নয়ন করতে হলে—

i. দেশীয় বাজারের কাপড় ক্রয় করতে হবে
ii. শ্রমিকদের সুযোগ-সুবিধা বাড়াতে হবে
iii. নতুন নতুন বাজার খুঁজতে হবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. অদক্ষ জনগণকে কীভাবে মানবসম্পদে পরিণত করা যায়?

(ক) বিনোদন দিয়ে
(খ) শিক্ষা ও সেবা দিয়ে
(গ) কর্মসংস্থানের সুযোগ দিয়ে
(ঘ) শিক্ষা ও প্রশিক্ষণ দিয়ে

২৮. আবগারি শুল্ক ধার্য করার উদ্দেশ্য হলো—

i. সরকারের কর রাজস্ব বৃদ্ধি
ii. আমদানি ঘাটতি মেটানো
iii. ক্ষতিকর দ্রব্যের ভোগ হ্রাস

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. যে বাজেটে আয় অপেক্ষা ব্যয় বেশি থাকে তাকে কী বলে?

(ক) সুষম বাজেট (খ) ঘাটতি বাজেট
(গ) মূলধনী বাজেট (ঘ) রাজস্ব বাজেট

৩০. বাংলাদেশ সরকারের দৈনন্দিন আয়-ব্যয়ের হিসেব দেখানো হয় কোন বাজেটে?

(ক) চলতি বাজেটে (খ) মূলধনী বাজেটে
(গ) উন্নয়ন বাজেটে (ঘ) অ-উন্নয়ন বাজেটে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com